দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 OCT 2002
পৃষ্ঠা ৪ কলাম ৫

# জলঢাকা কলেজের অধ্যক্ষের কক্ষ ভাংচুর

নীলফামারী, ১১ অক্টোবর, নিজস্ব সংবাদদাতা ॥ ডিগ্রী পাস পরীক্ষার ফর্ম পূরণে অতিরিক্ত ফী আদায়ের প্রতিবাদে বিক্ষুব্ধ ছাত্ররা শুক্রবার সকালে জেলার জলঢাকা ডিগ্রী কলেজের অধ্যক্ষের কক্ষ ভাংচুর করেছে। এ ঘটনা নিয়ে কলেজ ক্যাম্পাসে চরম উত্তেজনা ছড়িয়ে পড়লে বিএনপি নেতা, জলঢাকা পৌরসভা চেয়ারম্যান আনোরুল কবির চৌধুরী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। তবে সমস্যার সমাধান এখনও হয়নি বলে জানা গেছে।

ছাত্রদের অভিযোগ, কলেজ কর্তৃপক্ষ ডিগ্রী পাস পরীক্ষার ফর্ম পূরণের জন্য বিকম বিভাগে ২ হাজার ৭৫৫, বিএসসি বিভাগে ২ হাজার ৯০০, বিএ বিভাগে ২ হাজার ৭৬৫ টাকা করে নির্ধারণ করে। ১৭ শ' পরীক্ষার্থী ফর্ম পূরণের এ টাকা হ্রাসের দাবি জানিয়ে এলেও কলেজের সদ্য নিয়োগপ্রাপ্ত সহকারী অধ্যক্ষ জামায়াত নেতা মোজাহারুল ইসলাম শুধু জামায়াত শিবির কর্মী ও সমর্থক পরীক্ষার্থীদের ৫শ' টাকা করে হ্রাস করেন। অথচ সাধারণ ছাত্রদের কোন সুযোগ দেয়া হয়নি বলে অভিযোগ উঠেছে।